

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
পরিকল্পনা শাখা-৩

নং ৩৭.০০.০০০০.১২৩.১৪.০০৬.১৭-৪৭

তারিখ: ১১ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ
২৫ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

প্রাপক: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।


বিষয়: “মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি, ২য় পর্যায় (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্প (কোড নং ২২৪০১২৪০০) বাস্তবায়নের জন্য অগ্রিম উত্তোলনে অনুমোদন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, “মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি, ২য় পর্যায়” শীর্ষক প্রকল্পের (কোড নং ২২৪০১২৪০০) অনুকূলে চলতি ২০১৮-২০১৯ অর্থবছরে ১ম-৪র্থ কিস্তিতে ছাড়কৃত ২৫৮৮২.৪৬ লক্ষ (দুইশত আটাত্ত কোটি বিরাশি লক্ষ ছেচল্লিশ হাজার) টাকা হতে উপবৃত্তি ও টিউশন ফি প্রদানের লক্ষ্যে “৩৮২১১১৭-বৃত্তি/মেধাবৃত্তি” খাতে প্রস্তাবিত ২৫৪৭৪.০০ লক্ষ (দুইশত চুয়ান্ন কোটি চুয়ান্ন লক্ষ) টাকা অগ্রিম উত্তোলনের প্রস্তাবে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার সুপারিশ এবং অর্থ বিভাগের সম্মতির প্রেক্ষিতে নিম্নোক্ত শর্তে অনুমোদন জ্ঞাপন করা হলো:

০২। শর্তসমূহ:

- ক. অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রচলিত সরকারি আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- খ. অগ্রিম উত্তোলিত অর্থ পরবর্তী উত্তোলনের প্রস্তাব প্রেরণের পূর্বে অথবা আগামী ৩০শে জুন ২০১৯ তারিখের মধ্যে (যা আগে আসে) বিল/ভাউচারের মাধ্যমে সমন্বয় করতে হবে ;
- গ. অগ্রিম উত্তোলিত অর্থের মধ্যে অব্যয়িত/অসমন্বিত অর্থ আগামী ৩০ জুন, ২০১৯ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;
- ঘ. অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়/বিল পরিশোধের ক্ষেত্রে ভবিষ্যতে কোন ধরনের অনিয়ম উদঘাটিত হলে সে ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যয় নির্বাহকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

০৩। অর্থ বিভাগের ২৫/০৬/২০১৯ খ্রিস্টাব্দের অফিস স্মারক নং-০৭.০০.০০০০.১০২.০২০.০২৬.২০১৪-৩২৫ এ প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে এ আদেশ জারি করা হলো।


(মোহাম্মদ রফিকুল ইসলাম)
সিনিয়র সহকারী প্রধান
ফোন: ৯৫৪০৬১৪

অনুলিপি:

- ০১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৩। যুগ্ম-প্রধান, শিক্ষা উইং, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ০৪। প্রকল্প পরিচালক, মাধ্যমিক শিক্ষা উপবৃত্তি (২য় পর্যায়) প্রকল্প, শিক্ষা ভবন, ঢাকা।
- ০৫। উপসচিব, বাজেট-২ শাখা, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ০৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আই.সি.টি. সেল, মা.উ.শি. বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।